

দুটি সন্তানের বেশী নয়  
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.dgfp.gov.bd](http://www.dgfp.gov.bd)

স্মারক নং- পপঅ/প্রশা-১/নিয়োগ-৩২৭/২০১৬/২৭৪৯


তারিখ : ৩০ আশ্বিন, ১৪২৫  
১৫ অক্টোবর, ২০১৮

### বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৪/১০/২০১৮ খ্রিঃ তারিখের পপঅ/প্রশা-১/নিয়োগ-৩২৭/২০১৬/২৬৫২ নম্বর স্মারকে ২০১৭ সনে বিজ্ঞাপিত সদর দপ্তর পর্যায়ে নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির ১৩ (তের) ক্যাটাগরী পদে ১৭/১০/২০১৮ খ্রিঃ তারিখ হতে ০৬/১১/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত মৌখিক পরীক্ষার সময় সূচি প্রকাশ করা হয়েছে। যা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েব সাইট ([www.dgfp.gov.bd](http://www.dgfp.gov.bd)), ০৫/১০/২০১৮ খ্রিঃ তারিখে দৈনিক ইত্তেফাক এবং ০৭/১০/২০১৮ খ্রিঃ তারিখে দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় প্রকাশিত হয়েছে।

মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীকে নিম্নবর্ণিত রেকর্ডপত্রের মূল কপিসহ ০১(এক) সেট সত্যাযিত ফটোকপি সঙ্গে আনতে হবে।

- (১) সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।
- (২) লিখিত পরীক্ষার প্রবেশপত্র
- (৩) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র
- (৪) নাগরিকত্ব সনদ
- (৫) চারিত্রিক সনদ
- (৬) জন্ম নিবন্ধন সনদ
- (৭) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে)
- (৮) কোটার স্বপক্ষে সকল সনদপত্র (যদি থাকে)
- (৯) অভিজ্ঞতার সনদ (যদি থাকে)



(মোঃ রমজান আলী)

যুগ্মসচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

ও

পরিচালক (প্রশাসন) এবং

সভাপতি

বিভাগীয় নির্বাচন কমিটি

ফোন নং ৯১৪৬১২৮